

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৮ম

বিষয়: হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২	দ্বিতীয় অধ্যায়: ধর্মগ্রন্থ	পাঠ-১: বৈদিক সাহিত্যের পরিচয় পাঠ-২: চতুর্বেদের বিষয়বস্তু পাঠ-৩: ধর্মাচরণে চতুর্বেদের প্রভাব পাঠ-৪ : শ্রীমদ্ভবদ্ গীতার বিষয়বস্তু পাঠ-৫: শ্রীমদ্ভবদ্ গীতায়- চতুর্বেদ, কর্তব্য পালন সাম্য ও ভক্তি পাঠ-৬: জীবনাচরণ ও চরিত্র গঠনে শ্রীমদ্ভবদ্ গীতা শিক্ষা	'বংশ মর্যাদা নয় কর্মই মানুষকে সমাজে প্রকৃত মানুষ হিসেবে প্রতিষ্ঠিত করে'- তোমার সমাজের কয়েকজন মানুষের উদাহরণ দিয়ে এই মন্তব্যের পক্ষে/বিপক্ষে যুক্তি উপস্থাপন করো।	১। গীতায় ভগবান শ্রীকৃষ্ণের বর্ণ সম্পর্কে বক্তব্য ২। সমাজে প্রচলিত বর্ণ প্রথার রূপ ৩। সমাজে প্রচলিত বর্ণ প্রথা থেকে বেরিয়ে আসার ক্ষেত্রে তোমার ভূমিকা/পদক্ষেপসমূহ।	অতি উত্তম: ১। বিষয়বস্তু যথার্থভাবে উপস্থাপন ২। তথ্য বিন্যাস ও উপস্থাপনায় সঠিকতা ৩। উপস্থাপনায় সৃজনশীল হবে ৪। স্বকীয়তা/নিজস্বতার প্রকাশ ৫। ধারাবাহিকতা বজায় থাকবে উত্তম: ১। বিষয়বস্তু অধিকাংশ ক্ষেত্রে যথার্থভাবে উপস্থাপন ২। অধিকাংশ ক্ষেত্রে সঠিক তথ্য বিন্যাস ও উপস্থাপনা ৩। স্বকীয়তা/নিজস্বতার প্রকাশ ৪। অধিকাংশ ক্ষেত্রে সৃজনশীলতার প্রকাশ ৫। বিষয়বস্তুর ধারাবাহিকতা ভালো: ১। বিষয়বস্তু যথার্থভাবে উপস্থাপন নাও থাকতে পারে ২। তথ্য বিন্যাস ও উপস্থাপনায় আংশিক সঠিকতা ৩। সৃজনশীলতায় আংশিক দক্ষতা ৪। ধারাবাহিকতা ও নিজস্বতার অভাব অগ্রগতি প্রয়োজন: ১। বিষয়বস্তু যথার্থভাবে উপস্থাপনার অভাব ২। তথ্য বিন্যাসের সঠিকতার অভাব ৩। সৃজনশীলতার অভাব ৪। ধারাবাহিকতার অভাব ৫। নিজস্বতার অভাব

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৮ম

বিষয়: ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২	দ্বিতীয় অধ্যায়: ইবাদত	পাঠ-১: যাকাত পাঠ-২: যাকাত ফরজ হওয়ার শর্ত পাঠ-৩: যাকাতের মাসারিফ পাঠ-৪: যাকাতের গুরুত্ব ও তাৎপর্য	তোমার চাচা প্রতি বছরেই একটি নির্ধারিত সময়ে তার অর্ধের হিসাব-নিকাশ করেন। এ বছর হিসাব করে তিনি দেখতে পান যে, তার নগদ উদ্ভোগের পরিমাণ চার লক্ষ টাকা। তিনি শরিয়তের বিধান মতে কীভাবে যাকাত প্রদান করবেন তার উপর কর্ম পরিকল্পনা।	<ul style="list-style-type: none"> পাঠ্যপুস্তক থেকে উক্ত বিষয়ে ধারণা নেয়া যেতে পারে প্রয়োজনে অভিভাবকের সহযোগিতা নেয়া যেতে পারে মোবাইল বা যে কোন ভার্চুয়াল মিডিয়ার মাধ্যমে বিষয় শিক্ষকের সাথে যোগাযোগ করা যেতে পারে ইন্টারনেটের সাহায্য নেয়া যেতে পারে এ্যাসাইনমেন্ট স্বহস্তে লিখতে হবে 	অতি উত্তম: ১। কুরআন ও হাদিসের উদ্ধৃতি আরবিতে লিখা ২। ধারাবাহিকতা বজায় থাকা ৩। পর্যায় উপলব্ধি করে যৌক্তিক বিশ্লেষণ ৪। লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা ৫। বানান ও বাক্য গঠনে সঠিকতা উত্তম: ১। কুরআন ও হাদিসের উদ্ধৃতির অনুবাদ ২। আংশিক ধারাবাহিকতা বজায় থাকা ৩। পর্যায় উপলব্ধি করে আংশিক যৌক্তিক বিশ্লেষণ ৪। লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা ৫। বানান ও বাক্য গঠনে সঠিকতা ভালো: ১। কুরআন অথবা হাদিসের উদ্ধৃতির অনুবাদ ২। কিছুটা ধারাবাহিকতা বজায় থাকা ৩। পর্যায় উপলব্ধি করে আংশিক বিশ্লেষণ ৪। লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা ৫। বানান ও বাক্য গঠনে সঠিকতা অগ্রগতি প্রয়োজন: ১। কুরআন অথবা হাদিসের উদ্ধৃতির অনুবাদের অভাব ২। ধারাবাহিকতা বজায় না থাকা ৩। পর্যায় উপলব্ধি করে বিশ্লেষণ না করা ৪। লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা না থাকা ৫। বানান ও বাক্য গঠনে সঠিকতা না থাকা

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৮ম

বিষয়: গণিত

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন ক্রম
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২	চতুর্থ অধ্যায়: বীজগণিতীয় সূত্রাবলী ও প্রয়োগ	৪.১ বীজগণিতীয় সূত্রাবলী ৪.২ ঘনফলের সূত্রাবলী ও অনুসিদ্ধান্ত ৪.৩ ঘনফলের সাথে সম্পৃক্ত আর ও দুইটি সূত্র ৪.৪ উৎপাদকে বিশ্লেষণ ৪.৫ $x^2 + px + q$ আকারের রাশির উৎপাদক। ৪.৬ $ax^2 + px + c$ আকারের রাশির উৎপাদক ৪.৭ বীজগণিতীয় রাশির গ. সা. গু ও ল. সা. গু ৪.৭.১ গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক (গ.সা.গু) ৪.৭.২ লঘিষ্ঠ সাধারণ গুণিতক (ল.সা.গু)	$A = p + q + r, a \cdot \frac{1}{a} = 1$ এবং $M = x^2 + x(2a + 5) + (a^2 + 5a + 6)$ তিনটি বীজগণিতিক রাশি। (ক) A কোনো বর্গের প্রতিবাহুর পরিমাপ হলে ঐ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। (খ) দেখাও যে, $\frac{a}{a^2+3a-1} = \frac{1}{4}$ (গ) দেখাও যে $A^3 \neq (p + q)^3 + r^3$ (ঘ) Mকে দুইটি বর্গের অন্তররূপে প্রকাশ কর।	গণিত পাঠ্যবইয়ের ৪র্থ অধ্যায়ে আলোচিত বীজগণিতীয় বর্গের সূত্র ও তার সম্প্রসারণ ও ঘনফলের সূত্র এবং উৎপাদকে বিশ্লেষণের ধারণা নিয়ে সমস্যাগুলো সমাধান করবে।	ক. ১. বীজগণিতীয় সূত্রের প্রয়োগ। খ. ১. বীজগণিতীয় রাশির পুনর্বিন্যাস করে মান নির্ণয়। গ. ১. ঘনরাশিতে সূত্রের প্রয়োগ। ২. দুইটি রাশির তুলনা করে সিদ্ধান্ত গ্রহণ। ঘ. ১. উৎপাদকে বিশ্লেষণ ২. সূত্রের সাহায্যে বর্গের অন্তর ফলরূপে প্রকাশ।